বাংলা ডিসিপ্লিন

খুলনা বিশ্ববিদ্যালয়,খুলনা

এম.এ. (বাংলা) শিক্ষাবর্ষ ২০২৬-২৭

ভর্তিসংক্রান্ত তথ্যাবলি

১. **এম.এ. (বাংলা) প্রোগ্রামের মেয়াদ :**
(ক) সাধারণ গ্রুপ: শুধু কোর্স-ওয়ার্ক: (General mode) ০১ (এক) বৎসর; ০২ (দুই) সেমিস্টার।
(খ) কোর্স-ওয়ার্কসহ থিসিস গ্রুপ: (Mix mode) ০১.৫ (দেড়) বৎসর; ০৩ (তিন) সেমিস্টার।
(গ) থিসিস গ্রুপ: (M. Res) ০২ (দুই) বৎসর; ০৪ (চার) সেমিস্টার।

২. **আসন সংখ্যা :** সাধারণ আসন সংখ্যা ৫০ (পঞ্চাশ) টি। এছাড়া, মুক্তিযোদ্ধার সন্তান ও আদিবাসী কোটায় আরও ১টি করে মোট ২টি আসন সংরক্ষিত থাকবে। কোটার আসনের বিপরীতে কোনো শিক্ষার্থী না পাওয়া গেলে সাধারণ আসন থেকে পূরণ করা হবে। কর্তৃপক্ষ আসনসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করে।

৩. **আবেদনের যোগ্যতা :**
ক) খুলনা বিশ্ববিদ্যালয় অথবা দেশি/বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ে ৩/৪/৫ বছরের স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে (যা UGC কর্তৃক সমমানের ডিগ্রি হিসেবে স্বীকৃত হতে হবে)।
খ) প্রার্থীকে কমপক্ষে ১৬ বছরের শিক্ষাকাল শেষ করতে হবে অথবা ৩ বছরের স্নাতক ডিগ্রি অর্জনকারীদের ক্ষেত্রে ১৫ বছর শিক্ষাকাল ও ২ বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।
গ) অ্যাপিয়ার্ড সার্টিফিকেট দিয়ে আবেদন করা যাবে তবে, ক্লাস শুরুর পর থেকে ২ মাসের মধ্যে প্রয়োজনীয় সনদপত্র জমা দিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গন্য হবে।

৪. **আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা :** খুলনা বিশ্ববিদ্যালয়সহ যেকোনো পাবলিক বিশ্ববিদ্যালয়, ইউজিসি কর্তৃক অনুমোদিত অন্য যে কোনো দেশের স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থী আবেদন করতে পারবেন। থিসিস গ্রুপে ভর্তির ক্ষেত্রে অনার্সে ৩.২৫ এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৫. চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে নিয়মিত অধ্যয়নকালের জন্য পূর্ণছুটির নিশ্চয়তার প্রমাণপত্র ভর্তির সময় দাখিল করতে হবে।

৬. ২ (দুই) বছর মেয়াদী Masters by Research গ্রুপে (এম.ফিল সমমান) বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ে স্নাতক (সম্মান)ও স্নাতকোত্তর ডিগ্রীধারী শিক্ষার্থী ভর্তি হতে পারবে। শিক্ষার্থীর স্নাতক পর্যায়ের থিসিস বা তৎসংশ্লিষ্ট কোর্স থাকতে হবে অথবা পিয়ার রিভিউ পত্রিকায় একটি গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত থাকতে হবে।

৭. **আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:**
(ক) সকল পরীক্ষার মার্কশিট/ট্রান্সক্রিপট ও সনদপত্রের সত্যায়িত কপি (খ) পাসপোর্ট সাইজের ২ কপি ছবি (গ) সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের ছাত্র বিষয়ক পরিচালক/প্রক্টর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

৮. বাংলা ডিসিপ্লিনের অফিসে সকাল ১০.০০ টা থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) ফরম জমা নেয়া হবে।

৯. ভর্তিপরীক্ষার ফলাফল নিজ দায়িত্বে নির্দিষ্ট তারিখে বাংলা ডিসিপ্লিনের নোটিশবোর্ড ও ওয়েব সাইট থেকে জেনে ভর্তিপ্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

১০. ভর্তিপরীক্ষা বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ের উপরে অনুষ্ঠিত হবে।

১১. ভর্তিপরীক্ষাসংক্রান্ত তথ্যাবলি বাংলা ডিসিপ্লিনের কার্যালয়ে যোগাযোগ করে অথবা খুলনা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট **www.ku.ac.bd** দেখে জেনে নিয়ে আবেদন করার পরামর্শ দেওয়া হলো।

১২. **ভর্তিসংক্রান্ত তারিখসমূহ:**

ক) আবেদন ফরম বিতরণ	: ১১-১১-২০২৬ খ্রি. থেকে ২১-১২-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত
খ) আবেদন ফরম জমার শেষ সময়	: ২২-১২-২০২৬ খ্রি. বিকেল ৪:০০ টা পর্যন্ত
গ) যোগ্যপ্রার্থীর তালিকা প্রকাশ	: ২৪-১২-২০২৬ খ্রি. বিকেল ৪:০০ টা
ঘ) ভর্তিপরীক্ষার তারিখ ও সময়	: ০৩-০১-২০২৭ খ্রি. সকাল ১০:০০ টা
ঙ) উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশ	: ০৪-০১-২০২৭ খ্রি. দুপুর ১২:০০ টা
চ) **মেধা তালিকা ও কোটায় উত্তীর্ণ তালিকা থেকে ভর্তি**	: **০৫-০১-২০২৭ খ্রি. থেকে ০৬-০১-২০২৭ খ্রি. সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত**
ছ) **অপেক্ষমান তালিকা থেকে ভর্তি**	: **০৭-০১-২০২৭ খ্রি. সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত**
জ) কোর্স রেজিস্ট্রেশন	: কেন্দ্রীয় সিদ্ধান্ত অনুযায়ী।
ঝ) ক্লাস শুরু	: কেন্দ্রীয় সিদ্ধান্ত অনুযায়ী।

(সংরক্ষিত কোটা আসনে নির্বাচিত প্রার্থীর ভর্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্রের সত্যায়নপ্রাপ্তি সাপেক্ষে)

১৩. বাংলা ডিসিপ্লিনের হিসাব নম্বর ০২০০০১২২০১৬৯৯, হিসাবের নাম: সভাপতি এম.এ. (বাংলা) ডিসিপ্লিন, অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখায় ২,০০০/- (দুই হাজার) টাকা জমা দিয়ে জমা রশিদ প্রদর্শনপূর্বক বাংলা ডিসিপ্লিনের অফিস থেকে আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলি সংগ্রহ করতে হবে।

১৪. ভর্তি বিষয়ক যে কোনো নিয়ম-কানুন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের ক্ষমতা খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(প্রফেসর ড. মো. দুলাল হোসেন)
সভাপতি
এম.এ (বাংলা)
ভর্তিকমিটি (শিক্ষাবর্ষ ২০২৬-২০২৭)
বাংলা ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়